দৈনিক বাংলা

তারিখ ... 24/6/78 ...
পৃষ্ঠা ... 8 ... কলাম ... 3 ...

041

# উগান্ডা বিশ্ববিদ্যালয়ে চাকরি

উগান্ডার ম্যাকারীয় বিশ্ববিদ্যালয়ে প্রফেসর, এ্যাসোসিয়েট প্রফেসর, সিনিয়র লেকচারার, লেকচারার, এ্যাসিস্ট্যান্ট লাইব্রেরিয়ান, রিসার্চ ফেলো পদসমূহে নিয়োগের জন্য উপযুক্ত প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা হয়েছে। প্রার্থিগণকে স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে। উচ্চতর ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে।

যে সমস্ত বিষয়ের জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে সেগুলো হলো: ভূগোল, ইংরেজী সাহিত্য, ইতিহাস, ধর্ম ও দর্শন, ইকনমিক্স, এ্যাপ্লাইড ইকনমিক্স, সোশিওলজি, রাষ্ট্রবিজ্ঞান ও গণপ্রশাসন, ফিজিক্স, কেমিস্ট্রি, অংক, জুলজি, বোটানী, সয়েল সায়েন্স, জিওলজি, বাইও কেমিস্ট্রি, কমার্স, এগ্রিকালচারাল ইকনমিক্স, এগ্রিকালচারাল ইঞ্জিনীয়ারিং, ভেটেরেনারী ফিজিওলজি, প্যাথ বাইওলজি, ভেটেরেনারী ক্লিনিক্যাল স্টাডিজ, সিভিল ইঞ্জিনীয়ারিং, ইলেকট্রিক্যাল ইঞ্জিনীয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনীয়ারিং, ফরেস্ট্রি, কম্পিউটার, মিউজিক, ডান্স ও ড্রামা, ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং অফিসার, রেসিডেন্স টিউটর, সহকারী লাইব্রেরিয়ান ও রিসার্চ ফেলো।

(৪-এর পৃঃ পর)

আগ্রহী প্রার্থিগণকে নিজ নিজ নিয়োগকর্তার ছাড়পত্র, ফটো এবং শিক্ষা ও অভিজ্ঞতার সার্টিফিকেটের কপিসহ ১২ কপি জীবনবৃত্তান্ত ৩০শে জুনের মধ্যে জনশক্তি ব্যুরো, ৪, ডিআইটি এভিনিউতে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হয়েছে।

যে সমস্ত প্রার্থী শিক্ষক পদের জন্য চাকরি বিনিয়োগ কেন্দ্রসমূহে নাম রেজিস্ট্রেশন করেছেন তাদেরকেও অনুরূপভাবে ১২ কপি বায়োডাটা দাখিল করার জন্য বলা হয়েছে।

বৃহস্পতিবার প্রচারিত এক তথ্য বিবরণীতে এখবর দেয়া হয়েছে।